অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/21/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো যৌন নির্যাতনের শিকার ব্যক্তিদের অধিকারের বিল প্রতিষ্ঠা করেন

তিনি নির্যাতনের শিকার ব্যক্তিদের যত্ন ও চিকিৎসার অধিকারের বিষয়ে তাদেরকে তথ্য প্রদানের আইন প্রণয়ন করেন

যৌন নির্যাতন প্রমাণ করার উপকরণ বিনষ্ট করার আগে ডিএনএ পরীক্ষার ফলাফল নির্যাতনের শিকারদেরকে জানানোর বিষয়টি নিশ্চিত করেন

অপরীক্ষিত ধর্ষণ পরীক্ষার বকেয়া কাজ এবং অপরীক্ষিত প্রমাণ উপকরণের ধারণ ক্ষমতা 20 বছর পর্যন্ত বৃদ্ধি করা সহ গভর্নরের যৌন নির্যাতনের শিকার ব্যক্তিদের সহায়তা করার রেকর্ডের ওপর তিনি এটি তৈরি করেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে যৌন নির্যাতনের শিকারদের অধিকারের বিল প্রতিষ্ঠার জন্য আইন (A.8401-C/S.8977) প্রণয়ন করেন। নির্যাতনের শিকারদের অধিকারের নতুন রাষ্ট্রীয় আইনটি প্রতিষ্ঠা করার জন্য তাদেরকে এ বিষয়ে জানানোর উদ্দেশ্যে স্বাস্থ্য বিভাগকে (Department of Health) ফৌজদারি বিচার বিভাগ (Division of Criminal Justice Services), ক্ষতিগ্রস্তের সেবাদানকারী অফিস (Office of Victim Services) সহ অন্যান্য স্টেকহোল্ডারদের পরামর্শ প্রয়োজন। ক্ষতিগ্রস্তদের আইনগত অধিকার সম্পর্কে জানানো হলে তা তাদেরকে জটিল স্বাস্থ্য ও ফৌজদারি বিচার প্রক্রিয়ার ভেতর দিয়ে তথ্য অনুসন্ধান ও প্রাপ্তি নিশ্চিত করতে সাহায্য করবে।

"যুক্তরাষ্ট্র সরকার যখন লজ্জাজনকভাবে যৌন নির্যাতনের শিকারদের কথা এড়িয়ে গেছে, নিউ ইয়র্ক তখন ক্ষমতার সবটুকু ব্যবহার করে নির্যাতনের শিকারদের শক্তিশালী করছে ও তাদের গর্ব ও সম্মান পাওয়ার বিষয়টি নিশ্চিত করছে", **গভর্নর কুওমো বলেছেন।** "এই আইন আমাদের যৌন হয়রানী ও নির্যাতন প্রতিরোধে সাহায্য করবে, নির্যাতনের শিকারদের সুবিচার প্রাপ্তি নিশ্চিত করতে সহায়তা করবে এবং নিউ ইয়র্ককে সবার জন্য নিরাপদ রাখতে সহায়তা করবে।"

"আমাদের এই সংস্কৃতি পরিবর্তনে, নারীর জন্য নিরাপদ পরিবেশ তৈরি করতে যুদ্ধ চালিয়ে যেতে হবে, যাতে তারা বিশ্বাস করে এবং এগিয়ে আসে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "আমরা নিশ্চিত করতে চাই যে যৌন নির্যাতনের শিকাররা যেন তাদের সুস্থতার প্রক্রিয়ায় প্রয়োজনীয় যত্ন এবং চিকিৎসার ব্যবস্থা থাকার বিষয়টি জানে। নিউ ইয়র্কে আমরা ক্ষতিগ্রস্তদের নিরাপত্তা এবং সকল নারীর জন্য নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি। যৌন নির্যাতনের শিকারদের অধিকারের এই বিলটি তৈরি হয়েছে যৌন নির্যাতন প্রতিরোধ এবং সকল নিউ ইয়র্কবাসীদের জন্য সমান সুযোগ তৈরি করার উদ্দেশ্যে আমাদের প্রচেষ্টার ওপর ভিত্তি করে।"

অধিকারের বিলটির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছেঃ

- ধর্ষণ সংকট মোকাবেলা বা ক্ষতিগ্রস্ত সহায়তা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা;
- বিনামূল্যে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা প্রদান; এবং
- তাদের যৌন নির্যাতন প্রমাণ করার উপকরণ এবং মামলা পরিস্থিতির সর্বশেষ অবস্থা সম্পর্কে অবগত থাকা।

সকল আইন প্রয়োগকারী সংস্থাগুলোর এমন নীতি গ্রহণ করা উচিৎ যা তাদেরকে নির্যাতনের শিকারদের সাথে সফলভাবে যোগাযোগ করতে সহায়তা করে এবং ক্ষতিগ্রস্তের নোটিস পাবার অধিকার (Victim's Right to Notice) প্রতিষ্ঠা করে, যেন সে পুলিশ সংস্থার কাছ থেকে যৌন নির্যাতন প্রমাণ করার উপকরণ সম্পর্কে তথ্য বা প্রসিকিউটোরিয়াল সংস্থার কাছে বিষয়টির বিচারব্যবস্থা সম্পর্কে তথ্য পেতে পারে।

গভর্নরের আজকের এই কাজটি স্বাস্থ্য ও ফৌজদারি বিচার প্রক্রিয়ায় আরো বেশি স্বচ্ছতা ও দায়িত্ব নিশ্চিত করবে এবং সকল যৌন নির্যাতনের শিকারদের গর্ব, সহানুভূতি এবং সম্মান প্রাপ্তি নিশ্চিত করবে। যৌন নির্যাতনে ক্ষতিগ্রস্তের অধিকার সংক্রান্ত বিল অবিলম্বে অনুমোদন করে সম্পূর্ণ করার জন্য আইনটি কার্যকর হওয়ার দিন বা তার আগে 180 দিনের মধ্যে পাঠানো হবে।

অপরীক্ষিত ধর্ষণ পরীক্ষার বকেয়া কাজ শেষ করা এবং নতুন যৌন নির্যাতন প্রমাণ করার উপকরণসমূহ দ্বারা ক্ষতিগ্রস্তের অনুমতির ভিত্তিতে আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক দ্রুততার সাথে পরীক্ষা করা সহ গভর্নর কুওমোর যৌন নির্যাতনের শিকার ব্যক্তিদের সহায়তা করার রেকর্ডের ওপর এই আইন তৈরি করা হয়। একই সাথে, অর্থ বছর 2019 বাজেট এর অংশ হিসাবে, গভর্নর কুওমো আইন করে যৌন নির্যাতন প্রমাণ করার উপকরণ সংরক্ষণের সময় 30 দিন থেকে বৃদ্ধি করে 20 বছর করেন, যা নির্যাতনের শিকারদের সুবিচার নিশ্চিত করবে।

সেনেটর কেম্প হানন বলেন, "নিউ ইয়র্ক যৌন নির্যাতনের ক্ষতিগ্রস্তদের সুরক্ষা প্রদানে জাতির নেতৃত্ব দিচ্ছে, এবং আজকে গভর্নরের স্বাক্ষরের মধ্য দিয়ে আমরা তাদের জন্য সম্ভাব্য সেরা চিকিৎসা প্রদানের নিশ্চয়তা দেওয়ার দিকে একটি বড় পদক্ষেপ নিলাম। এই প্রয়োজনীয়তা গুলোকে বাস্তবে পরিণত করার জন্য এবং নিউ ইয়র্কের ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানোর জন্য গভর্নর কুওমোকে আমি সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য আরাভেল্লা সিমোতাস বলেন, "আজকে একটি বিশেষ দিন, যেদিন যৌন নির্যাতনের শিকারদের সুরক্ষার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নেওয়া হলো। এটি নির্যাতনের শিকারদের প্রতি আইন প্রয়োগকারী সংস্থার মধ্যে আরো সহানুভূতি তৈরি করবে। আমি গভর্নর কুওমোকে নতুন আইনটি প্রণয়নের জন্য ধন্যবাদ জানাই এবং আরো ধন্যবাদ জানাই আইনজীবীদের, যাদের একাগ্রতা ও সহযোগিতা এই বিষয়টি তুলে ধরেছে এবং সিনেট সতীর্থ কেম্প হ্যাননকেও বিলটির পৃষ্ঠপোষকতা করার জন্য ধন্যবাদ। আমরা সবাই এতো গুরুত্বপূর্ণ একটা বিষয়ে কাজ করতে পারার জন্য আমি গর্বিত।"

আমান্ডা এনগুয়েন, রাইজ (Rise) এর প্রতিষ্ঠাতা ও সিইও এবং 2019 সালের নোবেল শান্তি পুরষ্কার মনোনীত, বলেছেন, "নিউ ইয়র্ক যৌন নির্যাতনের শিকারদের সুরক্ষার ক্ষেত্রে দেশের অন্যান্য প্রদেশের জন্য উদাহরণ হয়ে দাঁড়িয়েছে এবং নেতৃত্ব দিচ্ছে। এই গুরুত্বপূর্ণ বিল পাশ করার জন্য রাইজ টিম এবং আমি গভর্নর কুওমোর নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ এবং 68 লক্ষ যৌন নির্যাতনের শিকারদের পাশে দাঁড়াচ্ছি। আমরা আরো

সাধুবাদ জানাই অ্যাসেম্বলি সদস্য সিমোতাসের নেতৃত্ব ও সহায়তার প্রতি এবং এই গুরুত্বপূর্ণ আইনটি তুলে ধরার জন্য ও আন্দোলনটি ছড়িয়ে দিতে সাহায্য করার জন্য সিনেটর হ্যাননকেও ধন্যবাদ।"

ইলসে কনেথ্‌ট, জয়ফুল হার্ট (Joyful Heart) পলিসি এবং প্রচার বিষয়ক কর্মকর্তা বলেন, "জয়ফুল হার্ট ফাউন্ডেশন (Joyful Heart Foundation) এই গুরুত্বপূর্ণ বিলে নেতৃত্বের জন্য পৃষ্ঠপোষক অ্যাসেম্বলি সদস্য আরাভেল্লা সিমোতাস ও সিনেটর কেম্প হ্যাননের প্রতি এবং ক্ষতিগ্রস্তদের প্রয়োজনীয় এই বিলটি আইনে পরিণত করার জন্য গভর্নর কুওমোর প্রতি কৃতজ্ঞ। এই অধিকারকে বিধিবদ্ধ করার মাধ্যমে পুরো প্রদেশের, ব্রুকলিন থেকে বাফেলো যেকোন স্থানের যৌন নির্যাতনের শিকারদের ধর্ষণ পরীক্ষার উপকরণের অবস্থান ও অবস্থা জানতে পারার অধিকার নিশ্চিত করা হলো, যা আমাদের গবেষণালব্ধ তথ্য অনুযায়ী তাদের সুস্থতার জন্য উপদেশমূলক। আমরা গভর্নর, আইনসভা, দেশব্যাপী কর্মকর্তাগণ, আইনজীবী, দীর্ঘমেয়াদী অংশীদারদের সাথে চলমান সহযোগিতায় একতাবদ্ধ, যাদের ছাড়া নির্যাতনের শিকারদের সুবিচার পাওয়ার সুযোগ প্রদানের এই প্রচেষ্টা সফল হতোনা।"

সেলিনা বেনেট-চেম্বারস, নিউ ইয়র্ক স্টেট কোয়ালিশন এগেইন্সট সেক্সুয়াল অ্যাসল্ট এর নীতি পরিচালক, বলেন, "আমরা এই আইন প্রণয়নের জন্য গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক প্রদেশ আইনসভার প্রতি সাধুবাদ জানাই। যৌন হিংস্রতা থেকে নির্যাতনের শিকারদের ওপর সাম্প্রতিক কিছু প্রতিবেদনে অনুচিতভাবে বেশ কিছু হাসপাতালের ফরেনসিক ধর্ষণ পরীক্ষার ঘটনার প্রকাশ ই নির্দেশ করে এই আইনের প্রয়োজনীয়তা। একই সাথে, একজন যৌন হিংস্রতার থেকে নির্যাতনের শিকার ব্যক্তির জন্য পুলিশ বা প্রসিকিউটোরিয়াল সংস্থার ট্রমা ও ক্ষতিগ্রস্তের প্রতি সাড়া দেওয়ার বিষয়ে প্রশিক্ষিত কারো কাছ থেকে নিজের উপকরণ সম্পর্কে তথ্যপ্রাপ্তির অধিকার সঠিক দিকে একটি বিশাল পদক্ষেপ। যৌন হিংস্রতা থেকে নির্যাতনের শিকারদেরকে তাদের অধিকার জানার ক্ষেত্রে সহায়তা করা উচিৎ এবং তাদের অধিকারকে অবশ্যই তুলে ধরতে হবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন